



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিব) বিসিক জেলা কার্যালয়, খুলনার

২০২১-২২ অর্থবছরের আগস্ট, ২০২১ পর্যন্ত উন্নয়ন ও সম্প্রসারণ কর্মকাণ্ডের তথ্যাবলী



০১। শিল্প উদ্যোক্তা চিহ্নিতকরণ এবং ঋণ কর্মসূচিঃ- ২০২১-২২ অর্থ বছরে মাঝারি, ক্ষুদ্র ও কুটির শিল্পের শিল্পোদ্যোক্তা চিহ্নিতকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৮০০ জন, ৪০০০ জন এবং যথাক্রমে ৫২০০ জন। কুটির শিল্পে যথাক্রমে ৯ জন শিল্পোদ্যোক্তা চিহ্নিতকরণ করা হয়েছে। বিভিন্ন ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। ঋণ প্রণোদনা কার্যক্রম গঠিত কমিটি কর্তৃক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

০২। প্রশিক্ষণঃ- চলতি অর্থ বছরে ০৭ (সাত) টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ১৭৫ জন শিল্পোদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে বলে লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় নি।

০৩। শিল্প নগরীঃ- বিসিক শিল্পনগরী, শিরোমনি, খুলনার ২৪০ টি শিল্প প্লট ৮৬ টি শিল্প ইউনিটের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছে। বর্তমানে ৬২ শিল্প ইউনিট চালু আছে। করোনা ও অন্যান্য কারণে রুগ্ন ও নিষ্ক্রিয় শিল্প ইউনিট ১৮ টি, নির্মাণাধীন ০১ টি এবং নির্মাণ কাজ শুরু হয় নি এমন শিল্প ইউনিটের সংখ্যা ০৫টি। শিল্পনগরীর শিল্প মালিকদের নিকট থেকে বিভিন্ন খাতে পাওনা আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে শিল্প ইউনিট চালু করার জন্য মনিটরিং কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং চলছে।

০৪। লবণঃ- সার্বজনীন আয়োজনযুক্ত লবণ তৈরী কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বাজারে আয়োজনযুক্ত লবণ সরবরাহ স্বাভাবিক আছে। বেসরকারি উদ্যোগে মোট লবণ মিল সম্পূর্ণ রূপে চালু আছে ০৮ (আট) টি, বন্ধ ০৭ (সাত) টি। বাজারে লবণের কোন ঘাটতি নেই। খুলনাতে চলমান অর্থবছরে ভোজ্য লবণ ৬,৬৫৬ মেট্রিক টন এবং বিগত মাসে ৪,০৪১ মেট্রিক টন উৎপাদিত হয়েছে। বর্তমান অর্থবছরে ৪,৫৪৭ মেট্রিক টন শিল্প লবণ এবং বিগত মাসে ২,২৪৪ মেট্রিক টন উৎপাদিত হয়েছে। মিলগুলোতে ক্রুড লবণ মজুত আছে ২৭,৫৩৩ মেট্রিক টন। বাজারে লবণের কোন ঘাটতি নেই।

০৫। শিল্প নিবন্ধনঃ- চলতি অর্থ বছরে মাঝারি শিল্পে ৮০০(আটশত) টি, ক্ষুদ্র শিল্পে ৪০০০(চার হাজার) টি এবং কুটির শিল্পে ৫২০০ (পাঁচ হাজার দুইশত) টি নিবন্ধন দেয়া হবে বলে লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে কুটির শিল্পে ১০ (দশ) টি নিবন্ধন দেয়া হয়েছে।

০৬। মৌচাষঃ- মৌচাষ এবং মধু আহরণ সম্পর্কে আগ্রহী উদ্যোক্তাদের সহায়তা প্রদানের জন্য বিসিক জেলা কার্যালয়, খুলনায় একটি হেল্প ডেস্ক খোলা হয়েছে।

০৭। প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়নঃ- চলতি অর্থবছরে মাঝারি শিল্পে ২ (দুই) টি, ক্ষুদ্র শিল্পে ৫০ (পঞ্চাশ) টি ও কুটির শিল্পে ১২৫ (একশত পঁচিশ) টি প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০৮। প্রজেক্ট প্রোফাইলঃ- চলতি অর্থবছরে মাঝারি শিল্পে ১(এক) টি ও ক্ষুদ্র শিল্পে ৮(আট) টি প্রজেক্ট প্রোফাইলের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে চলতি অর্থবছরে ক্ষুদ্র শিল্পে ২ (দুই)টি প্রজেক্ট প্রোফাইল করা হয়েছে।

০৯। নকশা নমুনা ও কারিগরী তথ্য প্রণয়ন ও বিতরণঃ- চলতি অর্থবছরে নকশা নমুনা ২১(একুশ) টি ও কারিগরী তথ্য ২৬(ছাব্বিশ) টি প্রণয়ন ও বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে চলতি অর্থবছরে নকশা নমুনা ৬(ছয়)টি প্রণয়ন ও বিতরণ করা হয়েছে।

Shourav

০২/০৮/২০২১

সৌরভ কুমার সরকার
সম্প্রসারণ কর্মকর্তা
বিসিক জেলা কার্যালয়, খুলনা